



## গণমাধ্যমের ওপর হামলার ঘটনায় দুঃখপ্রকাশ: প্রেস সচিব



সংগৃহীত ছবি

প্রথম আলো ও ডেইলি স্টারের অফিসে হামলার ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। এসময় তিনি বলেন, "এ ধরনের হামলায় আমি গভীরভাবে দুঃখিত এবং আমি আপনাদের পাশে দাঁড়াতে ব্যর্থ হয়েছি।"

শুক্রবার (১৯ ডিসেম্বর) দুপুরে তিনি তার ভেরিফায়েড ফেসবুক প্রোফাইলে লিখেন, "গত রাতে প্রথম আলো এবং ডেইলি স্টারের সাংবাদিকরা আতঙ্কিত হয়ে ফোন করেছিল, তারা সাহায্য চাইছিল। আমি তাদের পাশে দাঁড়াতে পারিনি, এজন্য আমি গভীরভাবে দুঃখিত।" তিনি আরও যোগ করেন, "যতটুকু সাহায্য করতে পারতাম, করেছি, কিন্তু তা সময়মতো পৌঁছাতে পারিনি।"

শফিকুল আলম জানান, তিনি ভোর ৫টায় ঘুমাতে গিয়েছিলেন, কিন্তু ততক্ষণে এই দুটি সংবাদমাধ্যম ভয়াবহ হামলা ও অগ্নিসংযোগের শিকার হয়ে যায়। সাবেক সাংবাদিক হিসেবে তিনি বলেন, "এ ঘটনায় আমি গভীরভাবে দুঃখিত এবং লজ্জিত, মাটির সঙ্গে মিশে যাচ্ছি।"

এদিকে, হামলার পর প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস প্রথম আলো এবং ডেইলি স্টারের সম্পাদকদের সঙ্গে ফোনে কথা বলেন। তিনি জানিয়েছেন, সরকার এই দুঃসময়ে তাদের পাশে রয়েছে। "আপনাদের ওপর এই হামলা আমাদের গভীরভাবে ব্যথিত করেছে। আপনাদের পাশে সরকার দাঁড়িয়ে থাকবে," বলে নিশ্চিত করেন প্রধান উপদেষ্টা।